

২০২৩

বাংলা

(সাম্মানিক)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-H-DSE-T-3

(বাংলা রূপকথা, শিশুকিশোর ও গোয়েন্দা সাহিত্য)

পূর্ণমান : ৬০

সময় : ২:৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রাপ্তমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১০ = ২০$

ক) 'দাঁড়াও, এই বুড়াকে ভাসাইয়া পাতালে লইয়া যাইব'—কার এই সংকল্প? তার ফল কী হয়েছিল?

খ) 'আপনার সৃষ্ট কোনো বস্তু বা জীব আমাকে বধ করিতে পারিবে না, এই বর আমাকে দিন' —কার কাছে কে এই বর প্রার্থনা করেছিল? তার কোন্ তপস্যার বলে সে এমন বর লাভের অধিকারী হয়ে উঠেছিল?

গ) 'বড়রাণীরা ছোটরাণীর মুখের কাছে রঙ্গ-ভঙ্গী করিয়া হাত নাড়িয়া, নথ নাড়িয়া বলিয়া উঠিল, —' — কার লেখা কোন্ গল্পের অংশ? কী বলেছিল বড়রাণীরা?

(পরের পাতায়)

- ঘ) 'খোকসে যদি নাম জিজ্ঞাসা করে তো, আমার নাম আগে বলিও, তোমার নাম যেন আগে বলিও না।'— কে কাকে বলেছিল এ কথা? তার নাম আগে বলতে বলার কারণ কী?
- ঙ) 'ঠাকুরদার পদিপিসি অদ্ভুত রাঁধতে পারতেন' —তার অদ্ভুত রাঁধার সামান্য পরিচয় দাও।
- চ) সুকুমার রায়ের 'আবোল তাবোল' সংকলনটি কবে প্রকাশিত হয়েছিল? পাঠ্য ছড়াগুলি বাদ দিয়ে আর দু'টি ছড়ার নাম লেখো।
- ছ) 'একশো বছর পরে পদিপিসির বর্মিবাক্স আমি আবিষ্কার করব। জানিস, তাতে এক-একটা...' —তাতে কী ছিল বলে পাঁচু মামার অনুমান?
- জ) "বক কহে কচ্ছপে বাহবা কি ফুঁর্তি! /..." পরের পঙক্তিটি লেখো।
- ঝ) 'রক্তমুখী নীলা' গল্পে কার নীলা হারিয়েছিল? হারিয়ে যাওয়া নীলা ফিরে পেতে তিনি কী পুরস্কার ঘোষণা করেছিলেন?
- ঞ) 'আমার পিছনেই একটা চেয়ার ছিল; আমি সেটায় ধপ করে বসে পড়লাম। এ যে আমাদের অতি পরিচিত সব পাখির ল্যাটিন নামগুলো বলছে' —কে বলছে পাখিদের নাম? কোন্ কোন্ পাখির ল্যাটিন নাম সে বলেছে?
- ট) 'নো স্যার। আমার পাড়ায় এক ভদ্রলোক এয়েছেন, কাল পার্কে দেখা হল। এক বেঞ্চিতে বসে কথা বললুম প্রায় আধঘণ্টা। থ্রেট স্কলার।' —ভদ্রলোকটির নাম কী? কোন্ ইউনিভার্সিটির স্কলার তিনি?
- ঠ) 'আমাদের যা কিছু শিক্ষা দীক্ষা ওই শার্লক হোমসের কাছে' — কে কাকে বলেছে এই কথা? শার্লক হোমসের সঙ্গী ও অস্ত্রার নাম কী?

- ড) 'দোহাই বাবা, আমি ইন্দ্র নহি। আমি মুনি, ব্রাহ্মণ, অতি নিরীহ দীন-হীন মানুষ! আমার উপরে তোমাদের এত ক্রোধ কেন?' — মুনির নাম কী? তাকে ইন্দ্র বলে ভ্রম হওয়ার কারণ কী?
- ঢ) 'তাঁর নামটাও এই সূত্রে একটু বিকৃত হয়ে 'ব্যয় কুষ্ঠ' আকার ধারণ করেছিল। শহরসুন্দর বাঙালী তাঁকে ব্যয়-কুষ্ঠ জহরী বলেই উল্লেখ করত।' —কার কথা বলা হয়েছে? কোন্ সূত্রে তার নামের এই বিকৃতি?
- ণ) 'তিনি বোধহয় বাকি কথাটার মানে বুঝে ফেলে মেলোকর্ড নামক চাবিওয়ালা যন্ত্রটা নিতে এসেছিলেন, তাই না?' —সমাদ্দারের চাবি' গল্পের এই 'তিনি' কে? মেলোকর্ড নামক যন্ত্রটি কী ধরনের যন্ত্র?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 8 = 20$

- ক) 'রাজা তার কোমরে, ছোট রাণীর কোমরে এক সোনার শিকল বাঁধিয়া দিয়া...' —শিকল বাঁধার কারণ কী? রাজার উদ্দেশ্য এই ব্যবস্থায় পূরণ হয়েছিল কি না তা নিজের ভাষায় লেখো।
- খ) 'সুকুমার রায়ের কবিতাগুলি সবসময় শুধু আজগুবি ও উদ্ভট নয়, কখনো কখনো ব্যঙ্গাত্মক ও সমালোচনামূলকও' —পঠিত কোনো কবিতার আলোকে মন্তব্যটি বিচার করো।
- গ) '...রূপকথার সেই বিশেষ ভাষা, বিশেষ রীতি, তাহার সেই প্রাচীন সরলতাকে তিনি যে এতটা দূর রক্ষা করিতে পারিয়াছেন, ...'—যে কোনো একটি গল্প অবলম্বনে শ্রীদক্ষিণারঞ্জন মিত্র মজুমদার সম্পর্কে রবীন্দ্রনাথের এই মন্তব্যের যথার্থতা বিচার করো।
- ঘ) ভৌতিক বিশ্বাসকে কাজে লাগিয়ে কীভাবে 'ব্যোমকেশ ও বরদা' গল্পের রহস্যকে ঘনিয়ে তোলা হয়েছে তা সংক্ষেপে লেখো।

- ঙ) ‘ফেলুদা বলছিল এই ডক্টর ম্যাট্রিক্সের মতে মানুষের জীবনে সংখ্যা বা নম্বর জিনিসটা নাকি আশ্চর্য প্রভাব বিস্তার করে।’ — আমেরিকার দুই প্রেসিডেন্টের জীবনে সংখ্যাতত্ত্ব কীভাবে কাজ করেছিল ‘সমাদ্দারের চাবি’ গল্প অবলম্বনে ব্যাখ্যা করো।
- চ) ‘মামাবাড়ির স্টেশনে পৌঁছলাম গভীর রাতে’—স্টেশন থেকে পাঁচুমামার সঙ্গে কথক কীভাবে তার গন্তব্যে পৌঁছাল তা বিবৃত করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- ক) কে কী কারণে স্বর্গ থেকে মর্ত্যে গঙ্গাকে এনেছিলেন? এই দুয়ো কাজ তিনি কীভাবে সম্পন্ন করেছিলেন তা সবিস্তারে লেখো।
- খ) ‘শুধু আখ্যান রসে নয়, পদিপিসির বর্মিবাস্ত্র পাঠকদের হৃদয় হরণ করে তার অসাধারণ কৌতুকপূর্ণ বর্ণনাভঙ্গীতেও’ — মন্তব্যটির যথার্থতা বিচার করো।
- গ) ‘আমায় সবাই বললে যে গিরিডির শঙ্কু ডাক্তারের কাছে যাও— তিনি দয়ালু লোক বিনি পয়সায় তোমার ছেলেকে ভাল করে দেবেন’ —কী হয়েছিল ছেলোটর? সে কীভাবে ভাল হয়ে উঠল তা সংক্ষেপে বিবৃত করো।
- ঘ) ‘ভেবে দেখুন, আমি যদি কোকেনের ব্যবসা করি আর আপনি যদি দৈবাৎ সে কথা জানতে পেরে যান, তাহলে আপনাকে বাঁচতে দেওয়া আমার পক্ষে আর নিরাপদ হবে কি?’ —অনুকূলবাবুর এই উক্তিই ‘সত্যান্বেষী’-র আখ্যানের পূর্ব সংকেত-আলোচনা করো।